



ফুটপাত দখল নিয়ে ঢাবি ও ঢাকা কলেজ শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষ



সংগৃহীত ছবি

রাজধানীর নীলক্ষেত এলাকায় ফুটপাতে দোকান বসানোকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ও ঢাকা কলেজের শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। ঘটনাটি রোববার (১২ অক্টোবর) দিবাগত রাত দেড়টার দিকে শুরু হয়ে প্রায় দেড় ঘণ্টা স্থায়ী হয়। এতে সাংবাদিকসহ বেশ কয়েকজন আহত হন। প্রত্যক্ষদর্শীরা জানান, শাহনেওয়াজ হলের সামনে একটি ভ্রাম্যমাণ দোকান বসানোকে কেন্দ্র করে দু'পক্ষের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে তা ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষে রূপ নেয়। সংঘর্ষের সময় ইটপাটকেল নিক্ষেপ ও কয়েকটি দোকান ভাঙচুরের ঘটনাও ঘটে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দুই পক্ষকে ছত্রভঙ্গ করে দেয়। রাত তিনটার দিকে এলাকা পুরোপুরি শান্ত হয়। সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে অতিরিক্ত পুলিশ সদস্য মোতায়েন করা হয়।

সংঘর্ষের সময় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সহ-সভাপতি (ডিপি) সাদিক কায়ম ঘটনাস্থলে উপস্থিত হয়ে দুই পক্ষকে শান্ত করার চেষ্টা করেন।

ঘটনার পর ঢাকা বিশ্ববিদ্যালয় ও ঢাকা কলেজের শিক্ষার্থীরা একে অপরকে দোষারোপ করেন এবং পুলিশের আচরণের প্রতিও ক্ষোভ প্রকাশ করেন।

আইনশৃঙ্খলা বাহিনীর এক কর্মকর্তা জানান, “ঘটনাটি তদন্ত করা হচ্ছে। প্রয়োজনে আইনগত ব্যবস্থা নেয়া হবে।”

উল্লেখ্য, সংঘর্ষে বেসরকারি টেলিভিশনের এক সাংবাদিক আহত হন। তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে।